

বেন উদ্যোগের সাফল্য: ধন্য বাংলাদেশের মেধা

গত জুনমাসে বাংলাদেশের পরিচিত পরিবেশ বিষয়ে উদ্যোগী ব্যক্তিত্ব ডঃ নজরুল ইসলাম মেলবোর্নে বলেছিলেন পৃথিবীর বিভিন্ন জায়গায় থেকেও দেশের জন্য চাইলে কিছু করা যায়। সবার জানা পানিতে আর্সেনিকের মাত্রা বাংলাদেশের জন্য এক বড় সমস্যা। এরই উজ্জল প্রমাণ বেনকে সহযোগীতারত জর্জ ম্যাসন ইউনিভার্সিটির বাংলাদেশের ডঃ আবুল হুসাম, কুষ্টিয়াস্থ ডঃ আ.ক.ম মুনির ও তাদের সহযোগীদের পানিতে আর্সেনিক মাত্রা নির্ণয়ের স্বল্পব্যয়ী সহজ পদ্ধতির আবিষ্কার। তাদের আবিষ্কৃত পদ্ধতি বাংলাদেশ সরকারের অনুমোদন অর্জনে সম্মানিত হয়েছে। প্যারিসে অনুষ্ঠিত ১৫তম ক্যামিকেল এন্ড ইঞ্জিনিয়ারিং কনফারেন্স বিষয়ে মাইকেল ফ্রিম্যান্টেলের ‘Chemical Research Applied to World Needs’ প্রবন্ধে তাদের পদ্ধতির বিষয় আলোচিত হয় এবং বাংলাদেশ সরকারের অনুমোদন বিষয়টিও উল্লিখিত হয়। বাংলাদেশ এনভায়রমেন্ট নেটওয়ার্কএর প্রতিষ্ঠাতা সমন্বয়কারী ডঃ নজরুল ইসলাম দেশের জন্যে নিবেদিত এই কৃতি ব্যক্তিত্বদের অভিনন্দন জানিয়েছেন।

দিলরুবা শাহানা, মেলবোর্ন